


দ্বিতীয় প্রকাশনা হোস্টেল মালিক দ্বারা
ইতেফাক

সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজে ভাঙ্চুর করল সরকারি কলেজের ছাত্রলীগ কর্মীরা

প্রকাশ : ১৯ জানুয়ারি ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



সিলেট অফিস

এক ছাত্রলীগ নেতাকে অনেতিক কাজে বাধা দেওয়ার জের ধরে সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজে তাড়ব চালিয়েছে সিলেট সরকারি কলেজ ছাত্রলীগের নেতাকর্মীরা। সশন্ত অবস্থায় কলেজে হামলা করে তারা ভাঙ্চুর চালায়। এ সময় চার শিক্ষার্থী আহত হন। শুক্রবার সন্ধিয়া এ হামলার ঘটনা ঘটে। হামলায় আহত ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীরা হলো ফাহিম, মিনহাজ, রাহুল ও ইমরান। তাদের ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের একাধিক শিক্ষার্থী বলেন, শুক্রবার দুপুর বারোটার দিকে সিলেট সরকারি কলেজের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতা নাস্তম ও তার দুই বন্ধু একটি মেয়েকে নিয়ে ইঞ্জিনিয়ারিং কলেজের পাশের টিলায় আসেন। সেখানে ওই মেয়েকে নিয়ে তারা অনেতিক কাজে লিপ্ত হলে ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীরা তাদের বাধা দেন। এসময় ইঞ্জিনিয়ারিং কলেজের কয়েকজন শিক্ষার্থী নাস্তমকে ধরে কলেজের ভিতর আটকে রাখেন। কিছুক্ষণ পর সরকারি কলেজ ছাত্রলীগের এক নেতা নাস্তমকে ছাড়িয়ে নিয়ে যান।

এই ঘটনার জের ধরে বিকালে নাস্তম ও তার সহযোগীরা ২টি সিএনজি অটোরিকশা ও কয়েকটি মোটরসাইকেল নিয়ে ইঞ্জিনিয়ারিং কলেজে সশন্ত হামলা চালায়। তারা কলেজের ভেতরে প্রবেশ করে ফাঁকা গুলি করে। এতে চার শিক্ষার্থী আহত হন। হামলাকারীরা ইঞ্জিনিয়ারিং কলেজ সংলগ্ন কয়েকটি দোকান ও অটোরিকশা ভাঙ্চুর করে। হামলার পর ইঞ্জিনিয়ারিং কলেজের সাধারণ শিক্ষার্থীরা টায়ারে আগুন ধরিয়ে সড়ক অবরোধ করে রাখে। খবর পেয়ে শাহপরাণ (র.) থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এ ব্যাপারে শাহপরাণ থানার ওসি আখতার হোসেন বলেন, সরকারি কলেজের এক শিক্ষার্থী একজন মেয়েকে নিয়ে ইঞ্জিনিয়ারিং কলেজ এলাকায় যায়। ওই কলেজের শিক্ষার্থীরা তাদের বাধা দেয়। এ ঘটনার জেরে বিকেলে হামলার ঘটনা ঘটে। পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

ইতেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস,
কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।